

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৩৫

অমরপুর, ২ মার্চ, ২০২৪

অমরপুর লাকের রাজখাণ্ড এডিসি ভিলেজ পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নান্দু আজ অমরপুর লাকের রাজখাণ্ড এডিসি ভিলেজ পরিদর্শন করেন। পরিদর্শনকালে ভিলেজ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পর্কে তিনি অবহিত হন। রাজ্যপাল প্রথমে রাজখাণ্ড অঙ্গনওয়াড়ি সেন্টার পরিদর্শন করেন। অঙ্গনওয়াড়ি সেন্টারে রাজ্যপাল গর্ভবতী মায়েদের হাতে পুষ্টিকর খাদ্যের প্যাকেট ও শিশুদের হাতে চকলেট তুলে দেন। এরপর রাজ্যপাল ভিলেজের হেলথ এন্ড ওয়েলনেস সেন্টারটি পরিদর্শন করেন। রাজ্যপাল ভিলেজ মাঠে আয়োজিত বিভিন্ন স্বসহায়ক গোষ্ঠীর উৎপাদিত বিভিন্ন সামগ্রী পরিদর্শন করেন ও স্বসহায়ক দলের সদস্যদের সাথে মতবিনিময় করেন। এরপর রাজ্যপাল মকরাইবাড়ি জেবি স্কুল পরিদর্শন করেন। সেখানে তিনি শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীদের সাথে মতবিনিময় করেন। রাজ্যপাল এদিন রাজখাণ্ড ভিলেজের বিশ্বরাম রিয়াৎ-এর প্রধানমন্ত্রী আবাস যোজনায় নির্মায়িমান আবাসটি পরিদর্শন করেন এবং বিশ্বরাম রিয়াৎ আরও কিকি প্রকল্পের সুযোগ সুবিধা পেয়েছেন সৈবিষয়ে খোঁজ খবর নেন। রাজখাণ্ড ভিলেজ পরিদর্শনের সময় রাজ্যপাল গোমতী জেলার জেলাশাসককে উন্নয়ন কর্মসূচি রূপায়ণে প্রয়োজনীয় নির্দেশ দেন।

রাজ্যপাল এদিন দেববাড়ি পথগায়েতের অন্যত সরোবর পরিদর্শন করে এই প্রকল্পের সাথে যুক্ত মৎস্যচাষিদের সঙ্গে মতবিনিময় করেন। রাজ্যপাল মৎস্যচাষিদের বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মাছ চাষ করার পরামর্শ দেন। রাজ্যপালের রাজখাণ্ড ভিলেজ ও দেববাড়ি পথগায়েত পরিদর্শনকালে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা, অমরপুর মহকুমার মহকুমা শাসক অমরেশ বর্মণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
